**জয়পুরহাট পৌরসভা কার্যালয়**
**জয়পুরহাট।**

স্মারক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৬৮৬ তারিখ ঃ 06/04/2020

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৩/০৪/২০২০ ইং তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। কোভিড-১৯ (করোনা ভাইরাস) বিষয়ে নারী ও শিশুদের সচেতন করণ বিষয়ে আলোচনা
৩। বস্তির নারীদের মাঝে মাস্ক্র ও সাবান বিতরন প্রসঙ্গে।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

........................................................

........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

**নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৩/০৪/২০২০ ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত** ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ কোভিড-১৯ (করোনা ভাইরাস) বিষয়ে নারী ও শিশুদের সচেতন করণ বিষয়ে আলোচনা।**

আলোচনা ঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, আপনারা অবগত আছেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে, তাই সবাইকে সচেতন থাকতে হবে। আমরা জানি এই ভাইরাস বাহিত রোগের কোন প্রতিষেধক এখনো পৃথিবীতে আবিকস্কার হয়নি এবং এই রোগ থেকে প্রতিকারের একমাত্র উপায় স্বাস্থ্যবিধি মেনে সচেতন থাকা। তাই প্রতিকারের বিষয়ে পৌর এলাকার বিশেষ করে দরিদ্র এলাকা গুলোতে নারী ও শিশুদের সচেতন করার জন্য এ কমিটির পক্ষথেকে সচেতন করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। আলোচ্য বিষয়ে মোছা: রোজী বেগম, সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, বিশেষ করে শিশুদের প্রতি বিশেষ যত্ন নিতে হবে। কেননা শিশুরা ভালভাবে তাদের সমস্যার কথাগুলো বলতে পারে না, তাই করোনা কালীন সময়ে শিশুদের জ্বর, সর্দি দেখা দিলে মায়েদের অধিক যত্নশীল হতে হবে। তিনি আরো বলেন, যেকোন দুর্যোগের সময় শিশু ও বৃদ্ধরা বেশী প্রতিকুল অবস্থার মধ্যে থাকে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** শিশুদের কোভিড-১৯ থেকে নিরাপদে রাখার জন্য মায়েদের সচেতন করা লক্ষ্যে বিভিন্ন ডিজিটাল প্রচার ম্যধমে সচেনতামূলক প্রচারনা এবং আমাদের যেসব মহল্লায় নারীদের নিয়ে সমিতি করা আছে,সে সমিতি সমূহের সভাপতিদের তাদের আওতাধীন এলাকায় স্বাস্থ্যবিধি মেনে নারীদের পরামর্শ দেওয়া যাতে তারা নিজেরা সচেতন থাকে এবং তাদের সন্তানদের নিরাপদে রাখেন।

**৩নং আলোচ্য বিষয় ঃ বস্তির নারীদের মাঝে মাক্স ও সাবান বিতরন প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচনা কালে বলেন, আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে পৌর এলাকায় অবস্থিত বস্তি সমূহে বাড়ী বাড়ী গিয়ে মাক্স ও সাবান বিতরন করন বিষয়ে সিদ্ধান্তে প্রেক্ষিতে পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান কে একটি টিম গঠন করে বস্তির প্রতিটি বাড়ীতে গিয়ে নারীদের মাক্স ও সাবান পৌঁছে দেবার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছিল। এ প্রসঙ্গে মোঃ হাসানুজ্জামান বলেন, আমি মেয়র মহোদয় ও এ কমিটির

সভাপতির নির্দেশে প্রতিটি বস্তির বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও সহ-সভাপতির সহযোগিতায় প্রতিটি বাড়ীতে সাবান ও মাস্ক বিতরন করি। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** বস্তি এলাকায় নারীদের সাবান ও মাস্ক দেওয়ার জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান এবং বস্তি সমূহে মাঝে মাঝে জীবাণুনাশক স্প্রে করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/ ৬৯৫ তারিখ ঃ ১৩/০৪/2020

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ......................................................................... সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৩/০৪/২০২০ ইং।

রোজ ঃ সোমবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |